০৪। **লিটল ম্যাগাজিনে প্রকাশনার জন্য লেখা আহ্বান :** শিল্প-সাহিত্য, বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল চর্চার বিকাশে লিটল ম্যাগাজিন তথা ছোটকাগজ চর্চা অত্যন্ত তাৎপযপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি দেশে বিভিন্ন সময়ে প্রকাশিত লিটল ম্যাগাজিন নিয়ে প্রদর্শনী আয়োজনসহ গুরুত্বপূর্ণ লিটল ম্যাগাজিনকে সম্মাননা জানানোর উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে সিলেট জেলার বিশিষ্ট কবি, লেখক, গবেষক, শিশু-কিশোর, নারী ও প্রবীণসহ সকল পর্যায়ের লেখকগণের মানসম্পন্ন লেখা নিয়ে একটি লিটল ম্যাগাজিন প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। ১৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে লিটল ম্যাগাজিনে প্রকাশনার লক্ষ্যে সর্বোচ্চ ২৫০০ শব্দের মধ্যে সমাজ, সাহিত্য ও দর্শন, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি, সমসাময়িক, আত্মকথা, প্রবন্ধ, ছোটগল্প, নাটক ও কবিতা বিষয়ক মানসম্পন্ন লেখা আহ্বান করা হয়। এ লক্ষ্যে ১৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জেলা শিল্পকলা একাডেমিতে স্বাস্থ্যবিধি মেনে সিলেটের লিটল ম্যাগাজিন সম্পাদকগণের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

০৫। **শিল্পকলার প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য আয়োজন আর বর্ণিল পরিবেশনার মধ্য দিয়ে সিলেট জেলা শিল্পকলা একাডেমি উদ্‌যাপন করলো দিনটি। এ উপলক্ষে ১৯ ফেব্রুয়ারি বিকাল ৪টায় সিলেট জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজন করা হয় কেককাটা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। 'শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ' প্রতিপাদ্যকে ধারণ করে আয়োজিত প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানটি কেক কাটার মধ্য দিয়ে শুভ উদ্বোধন করেন প্রধান অতিথি সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত-এর সভাপতিত্বে অনুষ্ঠানে  আমন্ত্রিত অতিথির বক্তব্য রাখেন মদনমোহন কলেজের প্রাক্তন অধ্যক্ষ ও জেলা শিল্পকলা একাডেমি এডহক কমিটির সদস্য ড. আবুল ফতেহ ফাত্তাহ, বীর মুক্তিযোদ্ধা ও নাট্যব্যক্তিত্ব ভবতোষ রায় বর্মণ, বাংলাদেশ আবৃত্তি সমন্বয় পরিষদের সভাপতিমণ্ডলীর সদস্য মোকাদ্দেস বাবুল, সম্মিলিত নাট্য পরিষদ সিলেটের সভাপতি মিশফাক আহমদ মিশু এবং জেলা শিল্পকলা একাডেমি এডহক কমিটির সদস্য ও বিটিভি সিলেটের প্রতিনিধি মুক্তাদীর আহমদ। মাসুদ পারভেজ ও ঋতশ্রী দে-এর যৌথ উপস্থাপনায় পূর্ণিমা দত্ত রায়, প্রতীক এন্দ, শিনিয়া সাহা ঝুমা ও প্রতিভা রায় কেয়ার পরিচালনায় শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থীরা দলীয় সংগীত ও নৃত্য পরিবেশন করেন। সাংস্কৃতিক পর্বে আমন্ত্রিত সংগঠন হিসেবে অংশগ্রহণ করেন ছন্দনৃত্যালয়, মুক্তাক্ষর, অনির্বাণ শিল্পী গোষ্ঠী, নৃত্য কণা ও শ্রীহট্ট ললিতকলা একডেমি সিলেট। একক পরিবেশনায় ছিলেন বিশিষ্ট সংগীতশিল্পী শিপল চৌধুরী, তন্বী দেব ও বিথী রাধা নাথ। মনোমুগ্ধকর পরিবেশনা ও বর্ণিল আয়োজনে বিমোহিত আগত সকল দর্শক।

০৬। **শহিদদিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদ্‌যাপন :** শহিদদিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদ্‌যাপন করলো সিলেট জেলা শিল্পকলা একাডেমি। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ২১ ফেব্রুয়ারি সকালে প্রভাত ফেরির মাধ্যমে শহিদমিনারে পুষ্পস্তবক অর্পণ করে একাডেমির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এরপর সকাল ১০:৩০টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে আয়োজন করা হয় আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেট বিভাগীয় কমিশনার মোঃ মশিউর রহমান এনডিসি। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের ও নন্দিতা দত্তের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট রেঞ্জের ডিআইজি মফিজ উদ্দিন আহম্মেদ পিপিএম, সিলেট মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোঃ নিশারুল আরিফ; পুলিশ সুপার মোহাম্মদ ফরিদ উদ্দিন পিপিএম; জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা দেবজিৎ সিংহ; মহানগর আওয়ামীলীগের সভাপতি মাসুক উদ্দিন আহমদ; জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নাসির উদ্দিন খান; বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট জেলা ও মহানগর ইউনিটের সাবেক কমান্ডার সুব্রত চক্রবর্তী ও ভবতোষ রায় বর্মণ। আলোচনা পর্ব শেষে শহিদদিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে গত ১৭ ও ১৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত চিত্রাংকন ও কবিতা আবৃত্তি বিষয়ক প্রতিযোগিতায় ১৮জন বিজয়ী শিক্ষার্থীর হাতে সনদপত্র ও পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের অতিথিবৃন্দ। সবশেষে দিবসভিত্তিক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে দলীয়, দ্বৈত ও একক পরিবেশনায় অংশগ্রহণ করেন জেলা শিল্পকলা একাডেমির শিল্পীবৃন্দ, জেলা শিশু একাডেমির শিল্পীবৃন্দ, একাডেমি ফর মণিপুরী কালচার এন্ড আর্ট, মোকাদ্দেস বাবুল, আমিনুল ইসলাম চৌধুরী, বিজন রায়, নাজমা পারভীন ও মিতালী চক্রবর্ত্তী।

[চলমান পাতা -৩]